দৈনিক জনকণ্ঠ

APR. 27 2002

তারিখ ... পৃঃ ১২ ... কলাম ... ৫...

# লালবাগে ছাত্রদল-শিবির সংঘর্ষ

**স্টাফ রিপোর্টার ॥** লালবাগে নির্বাচনপরবর্তী সহিংসতায় লালবাগ আলিয়া মাদ্রাসা এলাকায় ছাত্রদল-ছাত্র শিবির সংঘর্ষ হয়েছে। সংঘর্ষে ধাওয়া পাল্টাধাওয়ায় উভয় পক্ষে ব্যাপক বোমা নিক্ষেপের ঘটনায় বেশ কয়েকজন

*(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)*

করা হয়।

## লালবাগে ছাত্রদল-শিবির

*(১২-এর পাতার পর)*

আহত হয়েছে। পৃথক ঘটনায় লালবাগ কিল্লার মোড় এলাকায় দু'টি তাজা বোমাসহ এলাকাবাসী এব সন্ত্রাসীকে পাকড়াও করে পুলিশে ধরিয়ে দিয়েছে শুক্রবার লালবাগ পুলিশ সূত্রে এ তথ্য জানা গেছে।

লালবাগ পুলিশ জানায়, শুক্রবার বিকাল প্রায় চারটায় আলিয়া মাদ্রাসা এলাকায় দুটি গ্রুপে ধাওয়া পাল্টাধাওয়া হয়েছে। স্থানীয় সূত্র বলেছে, জামায়াতে ইসলামীর এক প্রার্থীর ভরাডুবির ঘটনায় ক্ষুব্ধ ছাত্র শিবির কর্মীরা ছাত্রদলের কয়েক কর্মীকে মারপিট করলে সংঘর্ষ বড় আকার ধারণ করে। ছাত্রদল কর্মীরা শিবিরের হাতে মার খেয়ে কিছুক্ষণ পর দলভারি করে পাল্টা হামলা চালালে ব্যাপক বোমাবাজির ঘটনা ঘটে। সংঘর্ষে বেশ কয়েকজন আহত হলে তাদের স্থানীয় ক্লিনিকে ভর্তি করা হয়েছে।